R. N. No. 2532/57    Phone No. 66-228, STD 03483    Regd. No.—WB/MSD—4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে ষ্টীল
ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা : ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
৪র্থ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৬শে জ্যৈষ্ঠ বুধবার, ১৪০৫ সাল।
১০ই জুন, ১৯৯৮ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## সিপিএমের লোকাল কমিটির সেক্রেটারীর বাড়ী ভষ্মীভূত

সাগরদীঘি : এই থানার দেবগ্রামে গত ৩ জুন গভীর রাতে সিপিএমের মোরগ্রাম লোকাল কমিটির সেক্রেটারী জ্যোতিরূপ ব্যানার্জীর খড়ের দোতলা বাড়ী অগ্নিসংযোগে সম্পূর্ণ ভষ্মীভূত হয়। সদ্য সমাপ্ত পঞ্চায়েত নির্বাচনের রাজনৈতিক গণ্ডগোলই এই অগ্নিসংযোগের কারণ বলে জানা যায়। এই ঘটনাকে কেন্দ্র করে আশপাশ গ্রামের প্রচুর বিক্ষুব্ধ মানুষ দেবগ্রামের বিত্তশালী পরিবার কংগ্রেস সমর্থক মুখার্জীদের বাড়ী চড়াও হলে উত্তেজনা চরমে ওঠে। পুলিশ অগ্নিসংযোগের অভিযোগে দেবগ্রাম থেকে অসীম মুখার্জী, সত্যনারায়ণ মুখার্জী, নিরঞ্জন মুখার্জী, অরূপ মুখার্জী, চন্দ্রনাথ মুখার্জী, দেবাশীষ মুখার্জী ও রেনটু মির্জাকে গ্রেপ্তার করে জঙ্গিপুর কোর্টে চালান দেয়। কোর্ট তাদের জামিন না মঞ্জুর করে।

## বাম শিক্ষানীতি প্রয়োগের ব্যর্থতায় ও শিক্ষিকাদের স্বৈরাচারী আচরণের প্রতিবাদে এক সদস্যের পদত্যাগ

বিশেষ প্রতিবেদক : বাম শিক্ষানীতির বাস্তব প্রয়োগে পরিচালন কমিটি ব্যর্থ হওয়ায় ও কতিপয় শিক্ষিকাদের স্বৈরাচারী আচরণের প্রতিবাদে রঘুনাথগঞ্জ গার্লস স্কুল পরিচালন কমিটির একজন অভিভাবক প্রতিনিধি ও ফরওয়ার্ড ব্লক নেতা গৌতম রুদ্র গত ২৩ মে স্কুল পরিচালক মণ্ডলী থেকে পদত্যাগ করলেন। নিয়মানুযায়ী পদত্যাগপত্র সভাপতি সুশীল মুখার্জীর কাছে পাঠিয়েও দিয়েছেন শ্রীরুদ্র। যদিও কমিটির সভাপতি ও সম্পাদক হরিলাল দাস গৌতমবাবুকে উদ্ভূত পরিস্থিতি বুঝিয়ে পদত্যাগপত্র প্রত্যাহার করিয়ে নেবার জন্য যথেষ্ট চেষ্টা চালাচ্ছেন বলে জানা যায়। কারণ, গৌতমবাবুর পদত্যাগপত্র গৃহীত হলে পরিচালক মণ্ডলীতে নির্বাচিত অভিভাবক প্রতিনিধি বলতে সিপিএমের বৈদ্যনাথ দত্ত ছাড়া আর কেউই থাকবেন না। ফলতঃ যেকোন সময় পরিচালক মণ্ডলী যে কোন রকমের বিপদের আশঙ্কা করছেন। গৌতমবাবুর দাবী শহরের একমাত্র বালিকা বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীতে ভর্তিকে কেন্দ্র করে যে সমস্যার সৃষ্টি হয়েছিল তা নিরসনে পরিচালন কমিটি সম্পূর্ণ ব্যর্থ এবং বামফ্রন্টের শিক্ষানীতিকে বুড়ো আঙ্গুল দেখানো হয়েছে। এবছর ( ২য় পৃষ্ঠায় )

## স্ত্রী হত্যার অভিযোগে মির্জাপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা : মির্জাপুর দ্বিজপদ উচ্চ বিদ্যালয়ের ইতিহাসের শিক্ষক সুবীরকুমার চাকী স্ত্রী হত্যার দায়ে গত ২৬ মে লালবাগ থেকে গ্রেপ্তার হয়েছেন। জানা যায়– সুবীর চাকীর বাড়ী জিয়াগঞ্জ বাহুরতলা। ওখানকার সিংহী স্কুলের শিক্ষক সুনীল চাকীর ছেলে সুবীর। কর্মরত অবস্থায় তাঁর বাবা মারা যাওয়ায় ডাই-ইন-হারনেস প্রথায় সুবীর চাকী মির্জাপুর স্কুলে প্রায় দু' বৎসর আগে চাকরী পান। এই প্রসঙ্গে আরও জানা যায়—বহরমপুরে বি.টি পড়ার সময় এক বিবাহিতা ভদ্রমহিলা ভারতীর সঙ্গে সুবীরের ঘনিষ্ঠ পরিচয় হয়। ভদ্রমহিলার স্বামী দুবাইতে চাকরী করেন। এই সুযোগ নিয়ে ভারতী দেবীকে সুবীর বিয়ে করেন। কিন্তু বিয়ের পর থেকে তাঁদের মধ্যে নানা ব্যাপারে মনোমালিন্য চলে। একটি সন্তানও হয়। ভারতীদেবী বিদ্যুৎপৃষ্ঠ হয়ে মারা গেছেন বলে গত ২৬ মে ( ৩য় পৃষ্ঠায় )

## পঞ্চায়েত ভোটে প্রেসকে গাড়ী দিতে মানা ছিল কমিশনের

নিজস্ব সংবাদদাতা : সদ্য সমাপ্ত পঞ্চায়েত নির্বাচনের দিন অর্থাৎ গত ২৮ মে সংবাদ সংগ্রহে প্রেসকে কোনরকম গাড়ী যেন না দেওয়া হয়, এই মর্মে মহকুমা শাসকের কাছে এক নির্দেশ আসে রাজ্য নির্বাচন কমিশন থেকে ( পত্র নং ১০৯৯ (১৬) এসইসি/১ এম ৭/৯৮, তারিখ ২২-৫-৯৮ )। লোকসভা ও বিধানসভা নির্বাচনে সাংবাদিকদের সংবাদ সংগ্রহের কাজে প্রশাসন থেকে (শেষ পৃষ্ঠায়)

## বাড়ীর মধ্যে মজুত রাখা বোমা বিস্ফোরণে একজনের মৃত্যু

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২ ব্লকের দস্তামারা গ্রামে গত ৬ জুন মাঝরাতে ইনসান সেখের বাড়ীর মধ্যে মজুত রাখা প্রচণ্ড শক্তিশালী বেশ কিছু বোমা বিস্ফোরণ হয়। ঘরের পাকা ছাদ ও ইটের দেওয়াল উড়ে যায়। ইনসানের বাড়ীতে বেড়াতে আসা তাঁর এক আত্মীয়া আনোয়ারুল খাতুন (১০) বোমার আঘাতে ঘটনাস্থলে মারা যান। ৬/৭ জনকে আহত অবস্থায় জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। এদের মধ্যে একজনের (শেষ পৃষ্ঠায়)

## বাস ডাকাতিতে কেউ ধরা পড়েনি

নিজস্ব সংবাদদাতা : গত ৬ জুন ভোরে কলকাতা থেকে বালুরঘাটগামী একটি সিএসটিসি বাসে ( নং WB 5154 ) ডাকাতি হয়। জানা যায় কলকাতার ধর্মতলা থেকে আটজন দুষ্কৃতী যাত্রী হয়ে বাসে ওঠে। বাসটি পলাশী পার হলে একজন দুষ্কৃতী ড্রাইভারের মাথায় পিস্তল ধরে আর বাকীরা যাত্রীদের কাছ থেকে ছিনতাই (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারম্পার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

## জঙ্গিপুর সংবাদ

২৬শে জ্যৈষ্ঠ বুধবার, ১৪০৫ সাল।

## ॥ বেহাল রাস্তা ॥

৩৪ নং জাতীয় সড়ক হইতে দুইটি রাস্তা—একটি উমরপুর হইতে মুরারই রুট গিয়াছে ; অপরটি মোড়গ্রাম হইয়া রামপুরহাট, সিউড়ি প্রভৃতির দিকে গিয়াছে। মুরারই রুট এবং রামপুরহাট-সিউড়ি রুট, উভয়ই অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। সিউড়ি রুট দিয়া বীরভূম, বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি জেলার নানা অঞ্চলের সঙ্গে উত্তরবঙ্গের সংযোগ রক্ষিত হয়।

কিন্তু উল্লেখিত দুইটি রাস্তাই দীর্ঘদিন হইতে বেহাল অবস্থায় রহিয়াছে। মনে হয় না যে, এই রাস্তা দুইটির বিষয়ে পিডব্লুডি অথবা রোড ট্রান্সপোর্ট এ্যাসোশিয়সনের কোনও দায়িত্ব আছে। পিচের তাপ্পি উঠিয়া গিয়া রাস্তা ভাঙ্গা-ভাঙ্গা, খাল-খন্দে পূর্ণ। তাহার উপর দিয়া প্রচুর সরকারী, বেসরকারী বাস, লরি প্রভৃতি বিভিন্ন ভঙ্গিমা করিয়া চলিতে বাধ্য হয়। মালবোঝাই লরি, যাত্রীবোঝাই সরকারী-বেসরকারী গাড়ী মিনিটে বেশ কয়েকবার বামদিকে ও ডানদিকে হেলিয়া দুলিয়া চলিতে বাধ্য হয়। আর তাহার জন্য গাড়ীর মন্থরগতি হওয়া অপেক্ষা দুর্ঘটনায় পড়ার আশঙ্কা প্রবলতর হয়। গাড়ীর অংশবিশেষ অতি শীঘ্র বিনষ্ট হয়। যাত্রীবাহী গাড়ীতে যে সব দুর্ভাগা উভয় পথে চলাচল করেন, তাঁহাদের দৈহিক অবস্থা সহজেই অনুমেয়। উত্তরবঙ্গের শিলিগুড়ি, বালুরঘাট, দিনাজপুর রায়গঞ্জ প্রভৃতি স্থান হইতে যাঁহারা দুর্গাপুর, বোলপুর, আসানসোল, রাণীগঞ্জ, বাঁকুড়া, পুরুলিয়া কিংবা মুরারই প্রভৃতি স্থানে এই রুট দিয়া যাতায়াত করেন, তাঁহারা এক দিককার ভ্রমণে যে দৈহিক ব্যথার শিকার হন, তাহা হইতে সুস্থতা লাভের জন্য কয়েকটা দিন অবশ্যই লাগিয়া যাইতে পারে। বালি-পাথর বোঝাই লরি গন্তব্যস্থানে লইয়া যাইতে চালকদের দুর্দশার অন্ত থাকে না।

জাতীয় সড়কের রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার ভার কেন্দ্রীয় সরকারের উপর ন্যস্ত থাকে। এই সড়কও সর্বত্র পরিপাটি সুন্দর নয়। কিন্তু জাতীয় সড়ক ছাড়া অপরাপর পথ, যাহা দিয়া বাস-লরি চলে, তাহা রাজ্য সরকারের দেখভালের মধ্যে পড়ে। আরটিএ ও পিডব্লুডি এই সব পথের ব্যাপারে ভারপ্রাপ্ত। কিন্তু আমরা যে পথ দুইটি উল্লেখের মধ্যে আনিয়াছি, তাহার বেহাল অবস্থা কবে দূর হইবে কেহই জানেন না। বিশেষ করিয়া মুরারই রাস্তা। বিভিন্ন জেলার আরটিএ এবং পিডব্লুডি যৌথ প্রচেষ্টা চালাইয়া যদি জনগণের একটু স্বস্তি আনিয়া দেন, তবে ঈশ্বরের করুণা তাঁহাদের উপর বর্ষিত হইবে। কিন্তু আমরা তেমন আশা করিতে কি পারি ?




## হক কথা

মমতা জন্য দড়,
বিজেপি'র বড় বড়
নেতারা শাসক হয়ে বাণী দেন সুন্দর।
গদিটা ত রাখা চাই,
হয় বৈঠক তাই
মহাজনে-চন্দনে বন্ধ কি সমঝোতায় ?
মমতাকে কেন আর
কেন্দ্রের দরকার ?
চলুক গোপন 'ডিল' টিকাইতে সরকার।
জনসভা মমতার
তাক লাগে সবাকার ;
নির্বাচনের শেষে মোদেরই জয়-জয়াকার।
হাতে ভোট মেশিনারি,
যা খুশি করাতে পারি,
ভোট অন্তে দেখা যায়, আমাদেরই পাল্লা
ভারি।

কেন্দ্রের ফাঁকা বোল,
নেই তাতে কোন গোল,
খুনে আর সন্ত্রাসে বদলাই না ক' ভোল।

---

### *জায়গা বিক্রি*

জঙ্গিপুর সাহেববাজারে প্রধান রাস্তা লাগোয়া ব্যবসা এবং বাসপোযোগী কিছু ফাঁকা জায়গা বিক্রয় আছে। যোগাযোগের স্থান—

শ্রীরাজারাম মুন্দ্রা, সাহেববাজার
পোঃ জঙ্গিপুর, মুর্শিদাবাদ

---

### *বাড়ী বিক্রয়*

রঘুনাথগঞ্জ শহরে ফাঁসিতলায় মেন রাস্তা লাগা আমার স্বত্ব দখলীয় দশ কাঠা জমি, পাকা দোতলা বাড়ী ( 'মীরা ভবন' যাহাতে রঘুনাথগঞ্জ পোষ্ট অফিস ভাড়ায় ছিল ) সহ বিক্রয় করিব। যোগাযোগ করুন।

অরুণকুমার দাস—রঘুনাথগঞ্জ।

---

***এক সদস্যের পদত্যাগ*** (১ম পৃষ্ঠার পর)

রঘুনাথগঞ্জ গার্লসে মোট ৩৮০ জন আবেদনকারী পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করে। তাদের মধ্যে ১৫০ জনকে এবার ভর্তি নেওয়া হয়েছে। এ ব্যাপারে বিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও পরিচালকমণ্ডলীর সদস্যদের কঠোর সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়েছেন গৌতমবাবু। তাঁর দাবী সিপিএম পরিচালনাধীন শহর লাগোয়া শ্রীকান্তবাটী হাইস্কুলে যেখানে সবাইকে ভর্তি করা হয় ; রঘুনাথগঞ্জ ২ নং ব্লকের সেকেন্দ্রা হাইস্কুলে ( এটাও সিপিএম পরিচালনাধীন ) যেখানে সব ক্লাসের ছাত্র-ছাত্রীকে উত্তীর্ণ করে দেওয়া হয়—সেখানে বামফ্রন্ট পরিচালনাধীন রঘুনাথগঞ্জ গার্লস স্কুলে অন্য নীতি হবে কেন ? এব্যাপারে পরিচালকমণ্ডলীর সভাপতি সুশীল মুখার্জী ও সম্পাদক হরিলাল দাস ব্যাপারটিকে সামাল দিতে, দেখছি দেখব বললেও গৌতমবাবুর মতে আর কিছু দেখার নেই। কারণ স্কুলের একাডেমিক কাউন্সিল সিদ্ধান্ত নিয়েছে তাঁদের স্কুলে যত রাজনৈতিক চাপই থাকুক না কেন গত শিক্ষাবর্ষের মতো তাঁরা নিম্নমেধাসম্পন্ন ছাত্রীদের এবার কোনমতেই স্কুলে ঢুকতে দেবেন না। খবর গত শিক্ষাবর্ষে তাঁদের স্কুলে পঞ্চম শ্রেণীতে ২৫৯ জন ছাত্রীকে বিভিন্ন রাজনৈতিক দলের চাপে ভর্তি করতে হয়। তাতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাড়াও বহু নিম্নমানের ছাত্রীও ভর্তি হয়ে যায়। ফলতঃ এ বৎসর বার্ষিক পরীক্ষায় ১৫৪ ছাত্রী পঞ্চম থেকে ষষ্ঠ শ্রেণীতে কৃতকার্য হতে পারে নি। তাই শিক্ষিকারা ১৫০-এর অধিক ছাত্রী ভর্তি করবেন না বলে সিদ্ধান্ত নিয়েছেন এ ব্যাপারে প্রধান শিক্ষিকা ষ্টাফ কাউন্সিলের সিদ্ধান্ত মতোই চলছেন বলে জানা যায়। এছাড়া গৌতমবাবু কিছু শিক্ষিকাদের বিরুদ্ধে ক্লাসের বই নির্বাচনে অসৎ পন্থা অবলম্বনের অভিযোগও আনেন। তিনি বলেন পরিচালকমণ্ডলী ত দূরের কথা স্কুলের স্বৈরাচারী একাডেমিক কাউন্সিল ক্লাসে নতুন বই সংযোজনের ব্যাপারে নতুন প্রধান শিক্ষিকাকেও অন্ধকারে রাখেন। স্থানীয় পুস্তক ব্যবসায়ীদের সঙ্গে যোগসাজসে নিম্নমানের পুরোনো বই বুকলিস্টে সংযোজন করে শিক্ষিকারা অসৎ পথে রোজগার করছেন বলে গৌতমবাবুর অভিযোগ। উদাহরণস্বরূপ তিনি বলেন, ষষ্ঠ শ্রেণীর বাংলা সাহিত্য পাঠ বই, তার মানে বই ও বাংলা ব্যাকরণ বই-এর প্রকাশক ও প্রাপ্তিস্থান দুইই রঘুনাথগঞ্জের এক পুস্তক ব্যবসায়ী। দুই লেখিকা বাড়ালা স্কুলের মঞ্জু বন্দ্যোপাধ্যায় ও বোথারা স্কুলের কৃষ্ণা রায় ( ৩ পৃষ্ঠায় )

### এক সদস্যের পদত্যাগ

( ২য় পৃষ্ঠার পর )

( সিংহ ) বইগুলি এত পুরোনো যে বই-এর বাইণ্ডিং-এর পিনে মরচে পড়ে ভেঙ্গে যাচ্ছে—যা কিছু অভিভাবক গৌতমবাবুর কাছে নমুনা দেখান। গৌতমবাবুর মতে, কলকাতার পুরোনো বই কম দামে কিনে স্থানীয় এক পুস্তক ব্যবসায়ী বই এর মলাট ও লেখিকার নাম পাল্টিয়ে এলাকার বহু স্কুলে গত প্রায় দু'তিন বছর ধরে চালিয়ে যাচ্ছেন। আর ঐ বিশেষ বইগুলির কল্যাণে বুকলিষ্টের সমস্ত বই অভিভাবকরা নির্দিষ্ট একটি দোকানে কিনতে বাধ্য হচ্ছেন। এ ব্যাপারে পুস্তক ব্যবসায়ী, লেখিকা ও যে সব স্কুলে বইগুলি চলছে সেইসব স্কুলের শিক্ষিকাদের সঙ্গে সুন্দর একটা বোঝাপড়া আছে বলে শ্রীরুদ্র মনে করেন। এ ব্যাপারেও একাডেমিক কাউন্সিল, পরিচালন কমিটি বা প্রধান শিক্ষিকার সঙ্গে আলোচনার কোন প্রয়োজন মনে করেন না বলে গৌতমবাবুর অভিযোগ।

### স্ত্রী হত্যার অভিযোগে

( ১ম পৃষ্ঠার পর )

সুবীরের জিয়াগঞ্জ বাড়ী থেকে কিছু স্থানীয় ছেলে ভদ্রমহিলার মৃতদেহ লালবাগে পোষ্টমর্টেমের জন্য নিয়ে আসে। মৃতদেহের গলায় কালসিটে ফোলা দাগ দেখে ডাক্তারদের সন্দেহ হয়। পুলিশে খবর দিলে হাসপাতাল চত্বর থেকে পুলিশ সুবীরকে গ্রেপ্তার করে। লালবাগ জেল হাজতে সুবীর নাকি তাঁর স্ত্রী ভারতীকে শুধু টাকার লোভে শ্বাসরুদ্ধ করে হত্যা করেছেন বলে স্বীকার করেন। ভারতীর নামে তার প্রথম স্বামী দুবাই থেকে ১০ লক্ষ টাকা ও প্রায় ৩০ ভরি সোনা পাঠান বলে জানা যায়। ওটা হাতিয়ে নিতে না পেরে আক্রোশবশতঃ ভারতীকে সুবীর হত্যা করেছে বলে জিয়াগঞ্জ থানায় অভিযোগ করেছেন। ভারতী দেবীর মা ডলি দেবী। লালবাগ এস ডি জে এম কোর্টে গত ১ জুন আসামীর জামিন না মঞ্জুর হয়। এই প্রসঙ্গে আরো জানা যায়—মির্জাপুর হাই স্কুলের প্রধান শিক্ষকের কাছে গত ৮ জুন জিয়াগঞ্জ-আজিমগঞ্জ এলাকার বেশ কিছু স্কুলের শিক্ষক-শিক্ষিকারা এসে সুবীর চাকীর এই ধরনের জঘন্য কাজের তীব্র প্রতিবাদ জানিয়ে ডেপুটেশন দিয়ে যান। তাতে জানা যায় জিয়াগঞ্জ শহরে সুবীর চাকীর কুশপুত্তলিকা দাহ করা হয় এবং বিভিন্ন সংগঠন প্রতিবাদে রাস্তায় রাস্তায় মিছিল বার করেন। এছাড়া ৯ জুন জিয়াগঞ্জ থানার পুলিশ মির্জাপুরে এসে প্রধান শিক্ষকের সঙ্গে দেখা করে শিক্ষক আসামী সুবীর চাকীর বিরুদ্ধে আনা অভিযোগলিপি তাঁকে জমা দেন। উল্লেখ্য যে, ছাত্রজীবনে জিয়াগঞ্জ কলেজের বহুমূল্য পুরাতন ঝাড়বাতি চুরি এবং বিদ্যুৎ অফিস ভাঙ্গচুরের অভিযোগে ৯৬ সালে সুবীরকে সতর দিন কারাবাস করতে হয়। আরও জানা যায়—ভারতী দেবী অন্তঃস্বত্ত্বা হওয়া সত্ত্বেও সুবীর তাঁকে নানা অজুহাত দেখিয়ে বিয়েতে এড়িয়ে যাচ্ছিলেন। শেষে ভারতী দেবী কংগ্রেস নেতা অধীর চৌধুরীর সাহায্য নিলে তাঁর মধ্যস্থতায় রেজিষ্ট্রি ম্যারেজ হয়।


EAST END SILKS LIMITED

APPLICATION ARE INVITED FROM THE CANDIDATES FOR FOLLOWING POSTS

For a Reputed Silk Textile Industry in Malda (W. B.)

1) LAB. ASSISTANT—Apprentice....Female (Married).
Qualification : H. S. with Science. Age : between 20—25 yrs.

2) B. Sc. with Physics, Chemistry (Apprentice) Age : between 21—25 yrs.

3) Diploma (Mechanical/Electrical) (Apprentice) Age : between 21—25 yrs.

4) I. T. I. (Mechanical/Electrical) (Apprentice) Age : between 19—22 yrs.

All above posts are presently for Malda plant but jobs are transferable anywhere in India.

Posts are against regular vacancy subject to successful completion of probation/apprenticeship period which is minimum 6 (Six) months.

All application should accompany the followings :—

a) Detailed Bio-Data.

b) Certificate of Qualifications.

c) Certificate of Age and Experience.

d) Recent Passport Size Photograph (Coloured)....2 (Two) Copy.

e) Last date of application submission is 20/6/98.

f) All application to be sent to the following address—

The Chief Executive,
M/s. East End Silks Ltd.
97, Park Street (4th Floor)
Calcutta-700 016


### স্থানীয় ছাত্রের বিদেশ যাত্রা

নিজস্ব সংবাদদাতা : স্থানীয় রঘুনাথগঞ্জ স্কুল ও জঙ্গিপুর কলেজের ছাত্র পৃথ্বীশ চন্দ্র কম্প্যুটার ইঞ্জিনীয়ারিং এর উপর বিশেষ প্রশিক্ষণার্থে গত ৩০মে জার্মানীর ষ্টুটগার্ড শহরের উদ্দেশ্যে যাত্রা করেছেন। বর্তমানে তিনি কলকাতার এ ডি এ সফ্টওয়্যার কম্প্যুটার সেণ্টারে কর্মরত। ঐ আন্তর্জাতিক সংস্থা পৃথ্বীশকে বিদেশে পাঠিয়েছে বলে জানা যায়।

### আনন্দ সংবাদ

নিজস্ব সংবাদদাতা : সৈয়দ আব্দুল কাইয়ুম একজন সাবডিভিসনাল জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট। তবুও তিনি একজন কবি হিসাবে সমধিক পরিচিত। বর্তমানে তিনি ইংল্যাণ্ডের International Biographical Centre, Cambridge হতে 1997-98 সালের 'International Man of the Year.' পদে ভূষিত হয়েছেন তিনি এক সময় এখানে কর্মরত ছিলেন।


জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জস্থ ইন্দিরাপল্লীতে বাসযোগ্য সোয়া দুই কাঠা জায়গা অতি শীঘ্র বিক্রয় হইবে। যে কোন রবিবারে যোগাযোগ করুন।

বাসুদেব চক্রবর্তী
ইন্দিরাপল্লী / রঘুনাথগঞ্জ

## ৮০ লক্ষ টাকার হেরোইন উদ্ধার, বস্ত্র ব্যবসায়ী গ্রেপ্তার

ধুলিয়ান : গত ৬ জুন সকাল ৯টা নাগাদ গোপনসূত্রে খবর পেয়ে সামসেরগঞ্জ থানার পুলিশ হিজলতলা গ্রাম থেকে হেরোইন লেনদেনের সময় জনৈক রহমান ও সফিকুলকে হাতেনাতে ধরে ফেলে। পুলিশী জিজ্ঞাসাবাদের পর রহমানের বাড়ী থেকে আরও এক পাউণ্ড পরিমাণ হেরোইন (বিদেশী ব্রাণ্ডের) উদ্ধার হয়। সব মিলে দুই পাউণ্ড বিদেশী হেরোইনের মূল্য প্রায় ৭০/৮০ লাখ টাকা। খবর পেয়ে মহকুমা পুলিশ প্রশাসক স্বপনকুমার মাইতি গিয়ে রহমানকে জেরা করে ধুলিয়ানের প্রসিদ্ধ কাপড় ব্যবসায়ী ইন্তেকাম সেখকে রাত প্রায় ১২ টার সময় তাঁর বাড়ী থেকে গ্রেপ্তার করেন। পরদিন সকালে স্থানীয় ব্যবসায়ীরা ইন্তেকামের জামিনের জন্য তদ্বির শুরু করলেও তাঁকে জামিন না দিয়ে জঙ্গিপুর কোর্টে চালান করা হয়। স্থানীয় ব্যবসায়ীদের বক্তব্য, ইন্তেকামের নাম শত্রুতাবশতঃ রহমান পুলিশকে দিয়েছে।

***কেউ ধরা পড়েনি*** (১ম পৃষ্ঠার পর)

শুরু করে দেয়। নগদ টাকা, ঘড়ি, আংটি, কানের দুল, কাপড়-চোপড় নিয়ে দুষ্কৃতীরা রঘুনাথগঞ্জ থানার তালাই মোড়ে বাস থামিয়ে নেমে চলে যায়। ড্রাইভার বাস থামাতে আপত্তি করলে দুষ্কৃতীরা তাঁর মাথায় পিস্তল দিয়ে আঘাত করে। এখন পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

***বিস্ফোরণে একজনের মৃত্যু*** (১ম পৃষ্ঠার পর)

অবস্থা আশঙ্কাজনক। জানা যায় ইনসান সিপিএম দলের একজন সমর্থক। রাজনৈতিক সংঘর্ষের মোকাবিলার উদ্দেশ্যেই তাঁর বাড়ীতে বোমা মজুত ছিল বলে পুলিশের ধারণা। এ ব্যাপারে কেউ গ্রেপ্তার হয়নি।


## কার্ডস ফেয়ার

এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।

রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ





আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিন্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ।। গনকর

ফোন নং : গনকর ৬২০২৯


***গাড়ী দিতে মানা ছিল কমিশনের*** (১ম পৃষ্ঠার পর)

গাড়ীর ব্যবস্থা করা হয়। তবে পঞ্চায়েত নির্বাচনের পূর্বে এ ব্যাপারে প্রেসকে তাঁর অক্ষমতার কথা জানিয়ে দেন মহকুমা শাসক মণীশ রায়। স্থানীয় পত্রিকার সাংবাদিকদের শেষ সময়ের এই নির্দেশে বেশ অসুবিধায় পড়তে হয়। যদিও আমাদের সাংবাদিকরা নিজেদের উদ্যোগে বিভিন্ন যানে ছড়িয়ে পড়েন মহকুমার বুথে বুথে। তবে প্রেসকে গাড়ী না দেবার কোন কারণ কমিশন পত্রে উল্লেখ করেননি।


আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক— ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনস্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্স্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।



*সকলকে অভিনন্দন জানাই—*

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✱ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, পোঃ রঘুনাথগঞ্জ চাউলপট্টি (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।